গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা
www.dhakadiv.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৩০০০.০১১.০৬.০৫১.২২- ১৫৪ তারিখ : ১৯/০৭/২০২৩

ফরম নং-২৭০
(১৯১৭ সালের বোর্ড ম্যানুয়েলের ১২৯ নং বিধি)

**আদেশপত্র**

তারিখ.......................................হইতে...................................................পর্যন্ত
জেলা.................................২০.......................সালের ............................. পর্যন্ত

**মামলার ধরণ :** জনাব মোঃ মেহেদী হাসান, ১২৪/২, হাড়িনাল, গাজীপুর সদর, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর এর গত ১৬/০৭/২০২৩ তারিখের আপীল আবেদনের প্রেক্ষিতে **(আপীল মামলা নম্বর ৭৮/২০২৩)।**

| আদেশের ক্রমিক নং ও তারিখ | আদেশ ও অফিসারের স্বাক্ষর | আদেশের উপর গৃহীত ব্যবস্থা |
|---|---|---|
| **১৯/০৭/২০২৩** | জনাব মোঃ মেহেদী হাসান, ১২৪/২, হাড়িনাল, গাজীপুর সদর, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর এর গত ১৬/০৭/২০২৩ তারিখের আপীল আবেদনের প্রেক্ষিতে ১৯/০৭/২০২৩ তারিখ আপীল শুনানীর দিন ধার্য।<br><br>**দেখলাম।** আপীলকারী অনুপস্থিত। আপীলকারীর কাগজপত্রাদি পর্যালোচনায় দেখা যায় যে, আপীলকারী জনাব মোঃ মেহেদী হাসান তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী নিম্নবর্ণিত তথ্য চেয়ে জেলা প্রশাসক, গাজীপুর বরাবর গত ৩০-০৪-২০২৩ খ্রি: তারিখ আবেদন করেন।<br>'হাট ও বাজার (স্থাপন ও অধিগ্রহণ) অধ্যাদেশ, ১৯৫৯ তথ্য হাট ও বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) আইন ২০২৩ অনুযায়ী গাজীপুর জেলায় স্থগিত এবং পরিচালিত সকল সরকারি হাট ও বাজারের:<br>*নাম<br>*ঠিকানা<br>*ভূমির মালিকের নাম, ঠিকানা | |

| | | |
|---|---|---|
| | **<u>সরকার পক্ষে জেলা প্রশাসকের প্রতিনিধির বক্তব্য</u>** :<br><br>শুনানীতে অংশ নিয়ে সরকার পক্ষে জেলা প্রশাসক, গাজীপুর এর প্রতিনিধি জনাব মোঃ শোয়েব শাত-ঈল ইভান, সহকারী কমিশনার ও তথ্য প্রদানকারী কর্মকর্তা লিখিত ও মৌখিক বক্তব্যে জানান যে- আপীলকারীর আবেদন ও তার বিপরীতে প্রদানযোগ্য তথ্য সম্পর্কে যথাযথ পর্যালোচনা তথ্য প্রদান করা হইবে।<br><br>**<u>আপীলকারীর বক্তব্য</u>** :<br>আপীলকারী অনুপস্থিত। আপীলকারী আপীল আবেদনে আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ হইবার কারণ হিসেবে তথ্য সরবরাহ না করা উল্লেখ করেছেন।<br><br>**<u>পর্যালোচনা</u> :** সরকার পক্ষে জেলা প্রশাসক, গাজীপুর এর প্রতিনিধি বক্তব্য শুনলাম এবং আপীলকারী অনুপস্থিত। লিখিত বক্তব্য ও দাখিলকৃত প্রমাণক পর্যালোচনা করলাম। সরকার পক্ষ তাঁর জবাবে জানিয়েছেন আবেদনকারীকে তার আবেদন ও তার বিপরীতে প্রদানযোগ্য তথ্য প্রদান করা হবে। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ২৪ ধারার (৩)(ক) উপ-ধারা অনুসারে আপীল কর্তৃপক্ষ আপীল আবেদনকারীকে অনুরোধকৃত তথ্য সরবরাহের জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশ প্রদান করিবেন, অথবা (৩)(খ) উপ-ধারা অনুসারে তদবিবেচনায় গ্রহণযোগ্য না হইলে আপীল আবেদনটি খারিজ করিয়া দিবেন।<br><br>**<u>আদেশ</u>** : শুনানীঅন্তে আদেশ হয় আপীলকারী জনাব মোঃ মেহেদী হাসান এর দাখিলকৃত আবেদন এবং সরকার পক্ষে জেলা প্রশাসক, গাজীপুর এর প্রতিনিধি জনাব মোঃ শোয়েব শাত-ঈল ইভান সহকারী কমিশনার ও তথ্য প্রদানকারী কর্মকর্তার লিখিত বক্তব্যের প্রেক্ষিতে আপীল আবেদনটি গ্রহণ করা হলো এবং **<u>আপীলকারীর চাহিত তথ্যসমূহ আগামী ১৫ কার্যদিবসের মধ্যে সরবরাহ করার নির্দেশ প্রদানপূর্বক</u>** আপীল আবেদনটি নিষ্পত্তি করা হলো। দাখিলকৃত কাগজপত্র নথিতে সংযুক্ত করা হোক ও সংশ্লিষ্ট সকলকে আদেশের কপি সরবরাহ করা হোক। | |

১৩/৭/২০২৫

(জহিরুল ইসলাম)
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন)
ঢাকা বিভাগ, ঢাকা।

স্মারক নং-০৫.৪১.৩০০০.০১১.০৬.০৫১.২২-১৫৪ (৮) তারিখ : ১৯/০৭/২০২৩

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। প্রধান তথ্য কমিশনার, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।

৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। জেলা প্রশাসক, গাজীপুর।

৫। কমিশনারের একান্ত সচিব, ঢাকা বিভাগ, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬। সহকারী কমিশনার (আইসিটি), বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা।

৭। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা (এ কার্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

৮। জনাব মোঃ মেহেদী হাসান, ১২৪/২, হাড়িনাল, গাজীপুর সদর, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।

Salehanoor
১৯/০৭/২০২৩

সৈয়দা সালেহা নূর
সহকারী কমিশনার (উন্নয়ন)
ঢাকা বিভাগ, ঢাকা।